



সোনালী ব্যাংক পিএলসি

রাখালিয়া বাজার শাখা, লক্ষ্মীপুর।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

(অর্থস্বর্ণ আদালত আইন -২০০৩ এর ১২^৬ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোনালী ব্যাংক পিএলসি, রাখালিয়া বাজার শাখা, লক্ষ্মীপুর এর ঋণ গ্রহিতা প্রতিষ্ঠান মেসার্স নাদিয়া এন্টারপ্রাইজ এর স্বত্বাধিকারী জনাব নিজাম উদ্দিন চৌধুরী, উপজেলা- রায়পুর, জেলা- লক্ষ্মীপুর। বর্তমান ও স্থায়ী ঠিকানা-লনী রাজা চৌদুরী বাড়ী, গ্রাম- খন্দকারবপুর, ডাকঘর- রাখালিয়া বাজার, উপজেলা- সদর, জেলা- লক্ষ্মীপুর এর নিকট ০৪/০৩/২০২৪ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের অনাদায়ী পাওনা টাকা =১৫,২৪,৩৯৮/- (পনের লক্ষ চব্বিশ হাজার তিনশত আটানব্বই টাকা) মাত্র ও তৎপরবর্তী আদায়কালতক সুদ এবং অন্যান্য খরচ বাবদ ব্যাংক পাওনা আদায়ের লক্ষ্যে নিলামে বিক্রয়ের জন্য নিম্নে বর্ণিত শর্তাদিতে অস্থায়ী ক্রেতাগণের নিকট হইতে দরপত্র আহ্বান করিতেছি :-

শর্তাবলী :-

- (১) দরপত্র আগামী ৩০/০৪/২০২৪ ইং তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, লক্ষ্মীপুর এ ঠিকানায় রক্ষিত দরপত্র বাস্তবে জমা দিতে হবে। ঐ দিনই অপরাহ্ন ৩.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে। দরপত্র সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগেও প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।
- (২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরদাতার নাম, পিতার/স্বামীর নাম (কোম্পানীর ক্ষেত্রে প্রযোজ্য নহে), ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) এবং প্রস্তাবিত মোট মূল্য অংক ও কথায় উল্লেখ করিতে হইবে।
- (৩) তফসীল বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য সোনালী ব্যাংক পিএলসি, রাখালিয়া বাজার শাখার অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার এর মাধ্যমে নিম্নরূপ জামানত দরপত্রের সহিত দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচী অনুসরণ করিতে হইবে।

দরপত্রের উদ্ভূত মূল্য	জামানত	বাকী টাকা পরিশোধের সময়
অনুর্ধ্ব টাকা= ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
টাকা= ১০,০০,০০১/- হইতে অনুর্ধ্ব টাকা=৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিন
টাকা= ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিন

- (৪) দরপত্র গৃহীত হইবার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হইলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত উক্ত জামানতের টাকা ব্যাংকের দাবীকৃত অর্থের সহিত সমন্বয় করা হইবে। যে সকল দরপত্র গৃহীত হইবে না ঐ সকল দরপত্রের বিপরীতে জমাকৃত জামানতের অর্থ প্রয়োজনীয় দাপ্তরিক কার্যক্রম সম্পাদন সাপেক্ষে যথাসময়ে ফেরৎ প্রদান করা হইবে।
- (৫) উপরে বর্ণিত শর্ত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ের আহ্বান করিতে পারিবেন।
- (৬) দরপত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ক্রেটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- (৭) সফল দরদাতাকে/দরদাতাগণদের নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন খরচ, স্ট্যাম্প ডিউটি, অন্যান্য খরচ, দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন পাওনা বা দাবী থাকিলে তাহা বহন করিতে হইবে।
- (৮) নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য ব্যাংকের অত্র শাখার অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তুতকৃত সম্পত্তির আকার, আকৃতি, অবস্থান, পরিমাণ ও স্বত্বের দলিল পত্র সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (১০) কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ, বাতিল বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- (১১) প্রয়োজনবোধে নিলাম ক্রেতার অনুকূলে দখল হস্তান্তরের জন্য স্থানীয় অধিক্ষেত্রের জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে আইনানুগ সহযোগীতা প্রদান করা হইবে।

তফসিল সম্পত্তির বিবরণ : (ঋণ গ্রহিতা/জিম্মাদারের সম্পত্তি)

উপজেলা ও জেলার নাম	মোজার নাম	ডি, এস খতিয়ান নং	এম.আর.আর খতিয়ান নং	জমা-খরিজ খতিয়ান নং	দাগ নং	জমির পরিমাণ
উপজেলা- সদর, জেলা- লক্ষ্মীপুর	০৬ নং খন্দকারবপুর	--	এমআরআর ১২৫,১২৬,১২৭,১২৯	১৯০	১৪১,২৯১,২৯২	১৪৩ ডিং (নাল) স্থাবর সম্পত্তি
সর্বমোট=						১৪৩ ডিং

ম্যানেজার

সোনালী ব্যাংক পিএলসি
রাখালিয়া বাজার শাখা, লক্ষ্মীপুর।
মোবাঃ নং ০১৭১৪-০৩৯৭৬১